# আল-মা'আরিজ | Al-Ma'arij | ٱلْمَعَارِج

আয়াতঃ ৭০ : ৪৪

## আরবি মূল আয়াত:

خَاشِعَةً اَبصَارُهُم تَرهَقُهُم ذِلَّةٌ ؕ ذٰلِكَ اليَومُ الَّذِى كَانُوا يُوعَدُونَ ﴿۴۴﴾

## অনুবাদসমূহ:

অবনত চোখে। লাঞ্ছনা তাদেরকে আচ্ছন্ন করবে! এটিই সেদিন যার ওয়াদা তাদেরকে দেয়া হয়েছিল। — আল-বায়ান

তাদের দৃষ্টি হবে অবনমিত, লাঞ্ছনা তাদেরকে আচ্ছন্ন করবে। এটাই হল সেই দিন যার ও'য়াদা তাদেরকে দেয়া হচ্ছিল। — তাইসিরুল

অবনত নেত্রে; হীনতা তাদেরকে আচ্ছন্ন করবে; এটাই সেদিন, যে বিষয়ে সতর্ক করা হয়েছিল তাদেরকে। — মুজিবুর রহমান

Their eyes humbled, humiliation will cover them. That is the Day which they had been promised. — Sahih International

৪৪. অবনত নেত্রে; হীনতা তাদেরকে আচ্ছন্ন করবে; এটাই সে দিন, যার বিষয়ে সতর্ক করা হয়েছিল তাদেরকে।

-

তাফসীরে জাকারিয়া

(৪৪) অবনত নেত্রে;[1] হীনতা তাদেরকে আচ্ছন্ন করবে।[2] এটাই সেই দিন, যার বিষয়ে তাদেরকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল।[3]

[1] যেমনভাবে অপরাধীদের দৃষ্টি অবনত থাকে। কারণ, তারা তাদের অপরাধ সম্পর্কে অবগত থাকে।

[2] অর্থাৎ, কঠিন লাঞ্ছনা তাদেরকে ঘিরে ধরবে এবং তাদের চেহারা ভয়ে কালো হয়ে যাবে।

[3] অর্থাৎ, রসূলগণের জবান এবং আসমানী কিতাবসমূহের মাধ্যমে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5419

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন